দৈনিক খবর

৩৭

তারিখ 09 DEC 1988 ... ...
পৃষ্ঠা... ...১ কলাম... ...২...

# 'সবার জন্য শিক্ষা'ঃ আজ সম্মেলন উদ্বোধন

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ আজ শনিবার ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'সবার জন্য শিক্ষা' শীর্ষক দক্ষিণ ও মধ্য এশীয় শিক্ষা মন্ত্রীদের তিন দিনব্যাপী এক সম্মেলন উদ্বোধন করবেন। ইউনিসেফ, ইউনেস্কো, ইউএনডিপি ও বিশ্বব্যাংক-এর উদ্যোগে এই ঢাকা সম্মেলনের পৃষ্ঠপোষকতা করছে এশীয় উন্নয়ন ব্যাংক। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম। বাংলাদেশসহ ৯ টি দেশ এ সম্মেলনে অংশ নিচ্ছে। ইতিমধ্যে বিভিন্ন দেশের প্রতিনিধি দল ঢাকায় এসে পৌছেতে শুরু করেছে। ইরানের শিক্ষামন্ত্রী ডঃ

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## সবার জন্য

প্রথম পৃষ্ঠার পর

মোহাম্মদ নেজাফির নেতৃত্বে একটি প্রতিনিধি দল গতকাল ঢাকায় এসে পৌছেছেন। তিনি ৪ সদস্যের একটি দলের নেতৃত্ব করছেন। শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে তাদের স্বাগত জানান।

যুগ্ম শিক্ষা উপদেষ্টা খাদিম হোসেনের নেতৃত্বে ২ সদস্যের একটি পাকিস্তানী প্রতিনিধি দল গত বৃহস্পতিবার রাতে ঢাকা এসে পৌছেছেন। শিক্ষা সচিব হেদায়েত আহমেদ তাদেরকে স্বাগত জানান।

শিক্ষা প্রতিমন্ত্রী মিসেস সুনেত্রা রানাসিংয়ের নেতৃত্বে ৬ সদস্যের একটি শ্রীলংকার প্রতিনিধি দল গতকাল অপরাহ্নে এসে পৌছেছেন। শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ্ব মনসুর আলী সরকার বিমান বন্দরে তাদের স্বাগত জানান।

নেপালের শিক্ষামন্ত্রী মিঃ পিএন চৌধুরীর নেতৃত্বে ৪ সদস্যের একটি প্রতিনিধি দলও গতকাল অপরাহ্নে ঢাকায় এসে পৌছেছেন। শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিমান বন্দরে তাদের স্বাগত জানান।

সবার জন্য শিক্ষা সংক্রান্ত বিশ্ব সম্মেলনের জন্য গঠিত আন্তঃসংস্থা কমিশনের নির্বাহী সচিব ওয়াদিহাদ্দাদও গতকাল অপরাহ্নে ঢাকায় এসে পৌছেছেন।